ঝিনাইদহে অনুষ্ঠিত হয়ে গেল বিলুপ্ত গ্রামীণ খেলা

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে শেফালী আমিন ফাউন্ডেশনের আয়োজন দিনভর অনুষ্ঠিত হয়ে গেল গ্রাম বাংলার ঐতিহ্যবাহী নানা রকম খেলার প্রতিযোগিতা।

বড় একটি বৃত্তের মধ্যে দাড়িয়ে আছে ৭ জন শিক্ষার্থী। তাদের থেকে একটু দুরে আরেটি বৃত্তে পৌঁছাতে হবে নির্ধারিত এক শিক্ষার্থীকে। কিন্তু তাকে বাঁধ সাধছে প্রতিপক্ষ আরও ৭ জন শিক্ষার্থী। বৃত্তের ভেতর অবস্থানকারী দলের একজন করে চি দিয়ে বৃত্তের বাইরের দলের সদস্যদের তাড়া করছে। প্রতিপক্ষের কোন খেলোয়াড়কে ছুঁয়ে দিতে পারে তবে সে আউট হবে। এর মাঝে নির্ধারিত শিক্ষার্থী দুরের বৃত্তে পৌঁছাতে পারলে হবে একটি গেম। যার নাম বৌচি খেলা। অপরদিকে চলছে স্লো সাইকেল রেচ। যাতে অংশ নেয় অর্ধশত শিক্ষার্থী, অভিভাবকসহ অতিথিরা। নির্ধারিত দুরুত্বে সাইকেল থেকে পা না নামিয়ে সবার শেষে যেতে পারলে সে হচ্ছে প্রথম।

এমনই গ্রামীণ সব খেলার আয়োজন হয়ে গেলো ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার দৌলতপুর ইউনিয়নের পারদখলপুর কলিম উদ্দিন বিশ্বাম একাডেমী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে। দিনভর এমন আয়োজনে অংশ নেয় শত শত শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা।

প্রায় হারিয়ে যাওয়া গাদন বা গাদি খেলায় অংশ নেয় শিক্ষার্থী ও গ্রামবাসী। সিনিয়র জুনিয়র দু’গ্রুপে ভাগ হয়ে অংশ নেয় তারা। একটি ঘর থেকে বের হয়ে ৩ টি বাধা অতিক্রম করে আবারো সেই ঘরে পৌছানোর উত্তেজনাপুর্ণ এই খেলা। হাত তালি দিয়ে এতে উৎসাহ দেন শত শত দর্শক।

শেফালী আমিন ফাউন্ডেশনের আয়োজন দিনভর অনুষ্ঠিত হয় নানা ক্রীড়া প্রতিযোগিতা। এতে অংশ নিতে পেরে ও খেলা দেখে অভিভুত শিক্ষার্থী ও গ্রামবাসী।

কলিম উদ্দিন বিশ্বাম একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণীর শিক্ষার্থী মিম আক্তার জানান, গ্রাম বাংলার ঐতিহ্যবাহী নানা রকম খেলা আমাদের বিদ্যালয়ে অনুষ্ঠিত হওয়ায় আমরা অনেক আনন্দ উপভোগ করছি। যা আমার খুব ভালো লাগছে।

পারদখলপুর গ্রামের বাসিন্দা আবুল কালাম জানান, অনেক দিনপর গ্রাম বাংলার হারিয়ে যাওয়া গাদন বা গাদি খেলা দেখার জন্য এখানে এসেছি। খেলাটি দেখে আমি অনেক আনন্দ উপভোগ করেছি। তাই এমন সুন্দর একটি আয়োজন করায় আয়োজকদের আমার পক্ষ থেকে অনেক অনেক ধন্যবাদ জানাই। একইসাথে আগামীতে এমন আয়োজন করবেন বলে আশা করি।

শেফালী আমিন ফাউন্ডেশনের চেয়ারম্যান অনুষ্ঠানের আয়োজক মেজর (অব:) মাহফুজুর রহমান জানান, আলোকিত ও বিকশিত মানুষ গড়ার লক্ষ্যেই আমার এই আয়োজন। আগামীতেও ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলার প্রতিটি ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে এ ধরণের আয়োজন পর্যায়ক্রমে করা হবে বলে জানান তিনি।

দিনভর অনুষ্ঠিত নানা ক্রীড়া প্রতিযোগিতায় চ্যানেল ঝিনাইদহ ভিশনের সম্পাদক ও আনন্দ টিভির ঝিনাইদহ প্রতিনিধি জাফিরুল ইসলাম এর সঞ্চালনায় কলিম উদ্দিন বিশ্বাম একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ জামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আক্তার হোসেন, দৌলতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, সোনাতনপুর পুলিশ ফাড়ির ইনর্চাজ চঞ্চল হোসেনসহ শিক্ষার্থী ও গ্রামবাসী।

দিনভর আয়োজনের মধ্যে ছিলো দাঁড়িয়া বাধা, বৌচি, সুচে সুই পরানো, বালিশ বদল, দড়ির উপর লাফ, ভারসাম্য দৌড়, অঙ্কের দৌড়, দাবা খেলা, মোরগ লড়াইসহ নানা গ্রামীণ খেলায় অংশ নেয় কলিমউদ্দিন বিশ্বাস একাডেমিসহ ওই এলাকার ৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৩ শতাধিক শিক্ষার্থী ও অভিভাবকরা। খেলা শেষে বিভিন্ন ইভেন্টে অংশ নেওয়া বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।